দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 JUN 1987 ...
পৃষ্ঠা ... ... 1 ... কলাম 5 ... ...

023

এইচএসসি পরীক্ষা

# ফাঁকা গুলী গ্রেফতার মিছিল

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (মঙ্গলবার) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ইংরেজী প্রথম পত্রের দিনে ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের অভিযোগে ২৪৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করার খবর পাওয়া গিয়াছে।

টাঙ্গাইলের ঘাটাইল পরীক্ষা কেন্দ্রে গোলযোগের খবর পাওয়া গিয়াছে। তবে বোর্ড কর্তৃপক্ষ বিস্তারিত খবর পায় নাই বলিয়া জানান।

এদিকে আমাদের সিরাজগঞ্জ সংবাদদাতা জানান, গতকাল কাজীপুর মেঘাই মনসুর আলী কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে একজন ছাত্র নেতাকে বহিষ্কার করা হয়। পরে দুপুর ১২ টার দিকে তাহার নেতৃত্বে কয়েক শত ছাত্রের একটি মিছিল পরীক্ষা কেন্দ্রে ঢুকিয়া পড়ে। তাহারা বহিষ্কৃত ঐ ছাত্রনেতার পরীক্ষার খাতা ফেরত চাহিলে উপজেলা ম্যাজিষ্ট্রেট ও পুলিশ উহা দিতে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

এইচএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

অস্বীকার করেন। এই সময় মিছিলকারীরা বিক্ষুব্ধ হইয়া পুলিশের প্রতি ইট-পাটকেল ছুঁড়িতে থাকে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য উক্ত ম্যাজিষ্ট্রেটের নির্দেশে পুলিশ ১ রাউণ্ড ফাঁকা

(১১শ পৃঃ)

এইচএসসি পরীক্ষা

(শেষ পৃঃ পর)

গুলী ছোঁড়ে। চারজনকে গ্রেফতার করা হয়।

মুন্সীগঞ্জের সংবাদদাতা জানান, গতকাল এখানে পরীক্ষা কেন্দ্রের সামনে ১৪৪ ধারা ভঙ্গের দায়ে ১২ জনকে জরিমানা এবং একটি জীপ গাড়ী ভাংচুর করার দায়ে একজনকে গ্রেফতার করা হয়। গাড়ীটি ঢাকা হইতে এখানে আগত ভ্রাম্যমান পরীক্ষা তদন্ত দলের।

নারায়ণগঞ্জের সংবাদদাতা জানান, গতকাল সোনারগাঁও কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা পরীক্ষা শেষে নকল ধরার প্রতি-বাদে একটি মিছিল বাহির করে। পরীক্ষা চলাকালে স্থানীয় ২টি দোকানে প্রশ্নপত্র ফটোষ্ট্যাট করা হইতে খবর পাইয়া পুলিশ সুপার ঘটনাস্থলে হাজির হন। পরে ঐ ২টি ফটোষ্ট্যাট মেশিনের দোকান শীল করিয়া দেওয়া হয়। দোকানীরা পালাইয়া যাইতে সক্ষম হয়।

টাঙ্গাইল সংবাদদাতা জানান, ধনবাড়ি কলেজ এইচ এস সি পরীক্ষা কেন্দ্রে আজ নকল সরবরাহকারীদের সহিত পুলিশের সংঘর্ষে ৫ জন পুলিশ-সহ অন্ততঃ ১০ জন আহত হই-য়াছে। পুলিশ বহিরাগতদের ছত্রভঙ্গ করার জন্য ৫ রাউণ্ড গুলী ছোঁড়ে এবং হাঙ্গামা সৃষ্টির অভিযোগে ১২ জনকে গ্রেফতার করা হয়।

এদিকে নকল করিতে না দেওয়ায় [illegible] একদল বহিরাগত ঘাটাইল কলেজ কেন্দ্রে উক্ত কলেজের অধ্যক্ষকে লাঞ্ছিত করে।